



১৯৭৬ এর বাংলা একাডেমী সাহিত্য পুরস্কারপ্রাপ্ত কবি-সাহিত্যিকসমূহ : (বাম হইতে) জনাব মতিউল ইসলাম, দিলারা হোসেন, সিরাজ উদ্দিন কাশেমপুরী, অধ্যাপক মমতাজ উদ্দিন আহমেদ, ফয়েজ আহমেদ ও সরদার ফজলুল করিম — ইত্তেফাক

বাংলা একাডেমী সাহিত্য পুরস্কারের সনদ প্রদান

(ইত্তেফাক রিপোর্ট)

গতকাল (বুধবার) বাংলা একাডেমী সাহিত্য পুরস্কার-৭৬-এর সনদ প্রদান করা হয়। পুরস্কার প্রাপ্তরা হইতেছেন : কবিতা—মতিউল ইসলাম, উপন্যাস—দিলারা হোসেন, ছোট গল্প—সুচরিত চৌধুরী, প্রবন্ধ ও গবেষণা—সিরাজউদ্দিন কাশেমপুরী, নাটক—অধ্যাপক মোমতাজ উদ্দিন আহমেদ, অনুবাদ—সরদার ফজলুল করিম এবং শিশু সাহিত্যে—বিশিষ্ট সাংবাদিক ফয়েজ আহমেদ। অনুষ্ঠানের শুরুতে পুরস্কারপ্রাপ্তদের মধ্যে সনদ বিতরণ করেন প্রেসিডেন্টের উপদেষ্টা পরিষদের সদস্য প্রফেসর সৈয়দ আলী আহসান।